সংবাদ

তারিখ ২৬।৬।৮১
পৃষ্ঠা
ক. নং



# অভিভাবকদের প্রহারে প্রাথমিক শিক্ষক নিহত ॥ আজ ঢাকায় শিক্ষক ধর্মঘট

(মেডিক্যাল রিপোর্টার)

ছাত্রকে বেত্রাঘাত করার খেসারত হিসেবে একজন প্রাইমারী স্কুলের শিক্ষককে ক্রুদ্ধ অভিভাবকদের প্রহারে জীবন দিতে হয়েছে। নিহত শিক্ষকের নাম ফারুক চৌধুরী (৩৪)। এ ব্যাপারে কোতোয়ালী থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

ঘটনাটি ঘটেছে এ মাসের ১১ তারিখে বংশাল প্রাইমারী স্কুলে। অনৈক ছাত্র ক্লাসে গণ্ডগোল করায় ক্লাস শিক্ষক ফারুক চৌধুরী তাকে বেত্রাঘাত করে। এতে ছাত্রটি কাঁদতে কাঁদতে স্কুল থেকে বেরিয়ে যেয়ে বাসার অভিভাবকদের কাছে শিক্ষকের বিরুদ্ধে নালিশ দেয়। এতে ক্ষুব্ধ অভিভাবকরা স্কুলে এসে মাঠের মধ্যে উক্ত শিক্ষককে বেদম প্রহার করে। তারা ফারুক চৌধুরীর হাত, পা ভেঙ্গে ফেলে এবং মাথায় আঘাত করে। সাথে সাথে তাকে সোহরাওয়ার্দী হাসপাতালে স্থানান্তরিত করা হয়। দশ দিন অজ্ঞান অবস্থায় কাটানোর পর গতকাল সোমবার ভোরে তার মৃত্যু ঘটে। সকাল ৭টায় তার লাশ ঢাকা মেডিক্যাল কলেজ মর্গে পাঠানো হয়।

দুপুর ১১টায় ময়না তদন্তের পর কয়েক শ' প্রাথমিক শিক্ষক নিহত ফারুক চৌধুরীর লাশ মিছিল করে বায়তুল মোকাররম প্রাঙ্গণে নিয়ে আসে। বায়তুল মোকাররম প্রাঙ্গণে নামাজে জানাজার পর তার লাশ বনানী গোরস্থানে দাফন করা হয়।

নিহত ফারুক চৌধুরী মৃত্যুকালে স্ত্রী এবং ৪জন নাবালক ছেলেমেয়ে রেখে গেছেন।

দুস্কৃতকারীদের প্রহারে শিক্ষকের মৃত্যুর প্রতিবাদে গতকাল মহানগরী প্রাথমিক শিক্ষকরা একটি বিক্ষোভ মিছিল বের করে। মিছিলকারীরা অবিলম্বে হত্যাকারীকে শাস্তি এবং সকল প্রকার হত্যা বন্ধ করা জন্য সরকারকে আহবান জানিয়ে বিভিন্ন শ্লোগান দেন। এরপর শিক্ষকরা একটি শোকসভায় মিলিত হয়। এতে সভাপতিত্ব করেন প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদ।

এ ব্যাপারে কোতোয়ালী থানা জানায়, এখনও কাউকে গ্রেফতার করা সম্ভব হয়নি। হত্যাকারীরা বাড়ী থেকে পালিয়ে গেছে। তাদের সমস্ত অস্থাবর সম্পত্তি পুলিশ ক্রোক করেছে।

দুষ্কৃতিকারীর হাতে প্রাথমিক শিক্ষকের অকাল মৃত্যুতে প্রাথমিক শিক্ষক সমিতি আজ ২৩শে জুন মঙ্গলবার মহানগরীর সকল প্রাথমিক স্কুলে শিক্ষক ধর্মঘট আহ্বান করেছে। ২৯ তারিখ পর্যন্ত মহানগরীর প্রতিটি স্কুলে কালো পতাকা উত্তোলন করা হবে এবং শিক্ষকরা কালো ব্যাজ ধারণ করে কাজ করবেন। ২৫শে জুন বংশাল প্রাথমিক বিদ্যালয়ে মরহুম ফারুক চৌধুরীর কুলখানি অনুষ্ঠিত হবে। ২৯শে জুন সারা বাংলাদেশে প্রাথমিক শিক্ষক ধর্মঘট পালিত হবে। ঐ দিন শিক্ষকরা কালো ব্যাজ ধারণ করে রাস্তায় বিক্ষোভ প্রদর্শন করবে। ঐদিন সকাল দশটায় বায়তুল মোকাররমে শিক্ষক জমায়েত অনুষ্ঠিত হবে।

প্রাথমিক শিক্ষক সমিতি ফারুক চৌধুরীর হত্যাকারীদের অবিলম্বে গ্রেফতার এবং তার পরিবারের জন্য ১ লাখ টাকা ক্ষতিপূরণ দাবী করেছে।

গতকাল শোকসভা শেষে নিহত ফারুক চৌধুরীর লাশসহ শিক্ষকদের একটি মিছিল জাতীয় সংসদ পর্যন্ত যেয়ে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির নেতৃবৃন্দ প্রধানমন্ত্রীর নিকট স্মারকলিপি পেশ করেন।